গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
www.dol.gov.bd

'রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০'এর বাস্তবায়ন কমিটির **১৮তম সভার কার্যবিবরণী।**

সভাপতি : খালেদ মামুন চৌধুরী এনডিসি, মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
সভার তারিখ : ২৮/০৩/২০২২ খ্রি.
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
সভার স্থান : ভার্চুয়াল (Zoom) মাধ্যম।
উপস্থিতি : তালিকা পরিশিষ্ট 'ক'তে- সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি "রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০" এর সফল বাস্তবায়নে বৈধ উপকারভোগীর সংখ্যা বৃদ্ধিকরণে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ ১৮তম PIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভার শুরুতেই ১৭তম PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সামাজিক সুরক্ষা নীতিমালার সংশোধন এর গেজেট কবে হতে পারে সভায় ইউরোপীয় ইউনিয়ন এর প্রতিনিধি মিজ ভেলেন্টিনার এমন প্রশ্নের পরিপ্রেক্ষিতে সদস্য সচিব জানান, বিষয়টি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর এখতিয়ারাধীন এবং শীঘ্রই বর্ণিত সংশোধিত নীতিমালার গেজেট প্রজ্ঞাপন জারি হতে পারে। অত:পর সভায় নগদ সহায়তা প্রদানযোগ্য তৈরি পোশাক সংশ্লিষ্ট শিল্পসংগঠন BKMEA এর আওতাভুক্ত নতুন ৯৫ জন উপকারভোগীর তালিকা অনুমোদন ও MIS এ নতুন ভিডিও টিউটোরিয়াল যুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অদ্য সভার আলোচ্যসূচীমতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | নগদ সহায়তার জন্য উপকারভোগীর তথ্য ভেরিফিকেশন ও অনুমোদন | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব তৈরি পোশাক সংশ্লিষ্ট শিল্প সংগঠন BKMEA কর্তৃক নতুন উপকারভোগীদের ভেরিফাইড তথ্য উপস্থাপন করেন। এতে দেখা যায়, BKMEA'র আওতাধীন ১টি কারখানার ৯৫ জন নতুন কর্মহীন শ্রমিকের তথ্যাদি শিল্প সংগঠন কর্তৃক ভেরিফিকেশন পূর্বক আপলোড হয়ে PIC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। অতঃপর সভায় উক্ত ৯৫ জন উপকারভোগীর তথ্য PIC'র সদস্যগণ অনুমোদন করতে একমত পোষণ করেন। | সভায় BKMEA'র ৯৫ জন বৈধ কর্মহীন শ্রমিককে বর্ণিত সামাজিক সুরক্ষা কার্যক্রমের আওতায় নগদ সহায়তা প্রদান করার জন্য অনুমোদন করা হলো। |

| | | | |
|---|---|---|---|
| ২। | অনুমোদিত ৯৫ জন উপকারভোগীর নগদ সহায়তার জন্য বিবেচ্য মাস | সভায় অনুমোদিত ৯৫ জন উপকারভোগীকে কোন মাসের সহায়তা প্রদান করা হবে এমন প্রসঙ্গ উত্থাপিত হলে BKMEA প্রতিনিধি জানান, তার সংঠনের বর্ণিত শ্রমিকগণ সেপটেম্বর, ২০২১ এর পূর্ব থেকেই কর্মহীন রয়েছে এবং তাদের তথ্য সংগ্রহপূর্বক যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। এ মোতাবেক অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২১ এর আওতায় নগদ সহায়তা প্রদান করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। সভায় ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিসহ উপস্থিত সকলেই তাঁর প্রস্তাবে একমত পোষণ করেন। | ৯৫ জন উপকারভোগীকে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২১ পর্যন্ত এই ৩ মাসের নগদ সহায়তা প্রদান করা হবে। |
| ৩। | উপকারভোগীর তথ্য আপলোড সম্পর্কিত ভিডিও টিউটোরিয়াল MIS এ যুক্তকরণ | সভার এ অংশে সদস্য সচিব সামাজিক সুরক্ষা কার্যক্রম সংশ্লিষ্ট MIS এ উপকারভোগীর তথ্য আপলোড সম্পর্কিত ভিডিও টিউটোরিয়াল প্রদর্শন করেন এবং উক্ত ভিডিও টিউটোরিয়াল MIS এ যুক্ত করার বিষয়ে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হয়। কমিটির সদস্য আবুল কালাম আজাদ বলেন, উক্ত ভিডিও টিউটোরিয়াল MIS এ যুক্ত করা হলে এর ব্যবহারকারীগণ খুব সহজেই MIS ডাটা আপলোড করতে পারবেন। সভার সকল সদস্য তাঁর সাথে একমত পোষণ করেন এবং ভিডিওটি MIS এ যুক্তকরণের সুপারিশ করেন। | উপকারভোগীর তথ্য আপলোড সম্পর্কিত ভিডিও টিউটোরিয়াল MIS এ যুক্ত করা হবে। |

সভাপতি সামাজিক সুরক্ষা কার্যক্রমটিকে আরও সুদূরপ্রসারী করার আশাবাদ ব্যক্ত করে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৪/২০২২

(খালেদ মামুন চৌধুরী এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
শ্রম অধিদপ্তর
ও
সভাপতি
কার্যক্রম বাস্তবায়ন কমিটি।

স্মারকঃ ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.৮৪ তারিখঃ /০৪/২০২২

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা ৩১৩, মহিলা আসন ১৩);
২। অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
৩। অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬।উপসচিব (শ্রম শাখা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;

৭। পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়;
৮। পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়;
৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
১০। জনাব মোঃ শফিকুল ইসলাম, অডিও ভিজ্যুয়াল অফিসার, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১১। সভাপতি, বিজিএমইএ;
১২। সভাপতি, বিকেএমইএ;
১৩। সভাপতি, এলএফএমইএবি;
১৪। চেয়াম্যান, বিএফএলএলএফইএ;
১৫। জনাব এ.কে.এম মামুনুর রশিদ, যুগ্ম সচিব, (এসডিপি) (বিজিএমইএ);
১৬। জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ);
১৭। জনাব কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক (এলএফএমইএবি);
১৮। জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ);
১৯। Mr. Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union to Bangladesh;
২০। LUCCHESE Iole Valentina, Program Manager, Social Protection (EEAS-DHAKA);
২১। Ms. Kishower Amin, Program Manager, European Union;
২২। Ms. Ishrat Shabnam, Proramme Manager, Private sector;
২৩। Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW;
২৪। Sheikh Mahmudul Hasan, Advisor, Development Cooperation, Embassy of the Federal Republic of Germany, Dhaka;
২৫। Deeba Farah Haque, Advisor, Development Cooperation, Embassy of the Federal Republic of Germany, Dhaka;
২৬। Ms. Shaila Rahman, Consultant (Social Security Reforms in Bangladesh);
২৭। সহকারি পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
২৮। সহকারী পরিচালক, আইসিটি সেল, শ্রম অধিদপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ);
২৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৩০। জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ;
৩১। জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, ট্যানারি শ্রমিক ইউনিয়ন;
৩২। অফিস কপি।

(মোঃ আবু আশরীফ মাহমুদ)
পরিচালক
(পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান),
শ্রম অধিদপ্তর
ও
সদস্য সচিব
কার্যক্রম বাস্তবায়ন কমিট।